# যুগান্তর

তারিখ [illegible] JUN 2015
পৃষ্ঠা 2 কলাম 2

## ফের আনসারুল্লাহ বাংলা টিমের চিঠি

# ঢাবি ভিসি ও তথ্যমন্ত্রীসহ ২৫ জনকে হত্যার হুমকি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

আবারও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ও তথ্যমন্ত্রী হাসানুল হক ইনুসহ ২৫ জনকে হত্যার হুমকি দিয়েছে আনসারুল্লাহ বাংলা টিম-১৩। এ ঘটনায় শাহবাগ থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করা হয়েছে। জিডি নং-৮৪০। মঙ্গলবার দুপুর ১২টার দিকে ঢাবি ভিসি বরাবর এ চিঠি আসে বলে যুগান্তরকে জানিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক ড. এম আমজাদ আলী।

উপরে অনসারুল্লাহ বাংলা টিম-১৩ লেখা সংবলিত ওই চিঠিতে লেখা রয়েছে, পশ্চিমা বিশ্বের ইহুদি নাসারাদের ইসলামবিরোধী ঘৃণ্য চক্রান্তের সঙ্গে আজ যুক্ত হয়েছে উপমহাদেশের হিন্দু কাফের মুরতাদ চক্র। এই তথাকথিত বুদ্ধিজীবীরাই ইসলামের প্রধান দুষমন। এদের যোগসাজশে নিষিদ্ধ করা হয়েছে অনেক ধর্মীয় সংগঠন। সম্প্রতি নিষিদ্ধ করা হল আনসারুল্লাহ বাংলা টিমকে। সংগঠনের মজলিশে শূরায় উল্লিখিত ধর্ম বিদ্বেষীদের মৃত্যুদণ্ডের ফয়সালা ঘোষণা করেন। প্রথম আঘাতেই যাদের মৃত্যু কার্যকর করা হবে তাদের নামের তালিকা দেয়া হল। তালিকায় উল্লিখিত ব্যক্তিরা হলেন, বিশিষ্ট লেখক ও শিক্ষক অধ্যাপক জাফর ইকবাল, বিশিষ্ট সাংবাদিক আবেদ খান, বৈশাখী টেলিভিশনের সিইও মঞ্জুরুল আহসান বুলবুল, ঢাবির ইতিহাস বিভাগের শিক্ষক ও ইতিহাসবিদ অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেন, সাংস্কৃতিক ব্যক্তিত্ব শাহরিয়ার কবির, মুক্তিযোদ্ধা জাদুঘরের ট্রাস্টি মফিদুল হক, সম্মিলিত সাংস্কৃতিক জোটের সাবেক সভাপতি নাসির উদ্দিন ইউসুফ বাচ্চু, সাংস্কৃতিক ব্যক্তিত্ব রামেন্দু মজুমদার, গণজাগরণ মঞ্চের মুখপাত্র ড. ইমরান এইচ সরকার, গণজাগরণ মঞ্চের একাংশের নেতা কামাল পাশা চৌধুরী, দৈনিক ইত্তেফাক পত্রিকার নির্বাহী সম্পাদক সাংবাদিক শাহীন রেজা, এটিএন নিউজের প্রধান প্রতিবেদক মুন্নী সাহা, গণজাগরণ মঞ্চের কর্মী মাহমুদুল হক মুন্সী বাঁধন ও এসএম শাহীন, ছাত্রলীগ সাধারণ সম্পাদক সিদ্দিকী নাজমুল আলম, বাংলাদেশ ছাত্রমৈত্রীর সভাপতি বাপ্পা দিত্য বসু, বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব সৈয়দ হাসান ইমাম, ব্লগার কানিজ আকলিমা সুলতানা, আমেরিকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির শিক্ষক আরাফাত রহমান, সঙ্গীতা ইমাম, উপস্থাপিকা নবনীতা চৌধুরী ও দৈনিক ভোরের কাগজ পত্রিকার সম্পাদক শ্যামল দত্ত।

প্রসঙ্গত, এর আগে প্রথমে ঢাবি ভিসিসহ ১১ জনকে হত্যার হুমকি দেয় আনসারুল্লাহ বাংলা টিম। এরপর স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী আসাদুজ্জামান খান কামালসহ ৭ জন বিশিষ্ট নাগরিককে হত্যার হুমকি দেয় সংগঠনটি।